প্রত্যেক নাবীর হাওয়ারী (জানবাজ সাথী) ছিল, আমার হাওয়ারী হলো যুবায়র।

জাবির রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, খন্দকের যুদ্ধের দিন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, কে আমাদের নিকট (কাফির) সম্প্রদায়ের তথ্য সংগ্রহ করে নিয়ে আসবে? যুবায়ের বললেন, আমি। তিনি পুনরায় বলেন, কে আমাদের নিকট (কাফির) সম্প্রদায়ের তথ্য সংগ্রহ করে নিয়ে আসবে? যুবায়ের বললেন, আমি। তখন নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, প্রত্যেক নবীর হাওয়ারী (জানবাজ সাথী) ছিল, আমার হাওয়ারী
হলো যুবায়ের।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

খন্দকের যুদ্ধে কুরাইশ এবং অন্যান্যরা মুসলিমদের সাথে যুদ্ধ করার জন্য মদীনার দিকে রওয়ানা দিলেন। রাসূলুল্লাহর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লা পরীখা খনন করলেন। ইতি মধ্যে মুসলিমদের নিকট সংবাদ পৌঁছলো যে, বনূ কুরায়যার ইয়াহুদীরা মুসলিমদের মাঝে ও তাদের মাঝে যে চুক্তি ছিল তা ভঙ্গ করেছে এবং তারা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য কুরাশদের সাথে একত্র হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, কে আমাদের নিকট বনু কুরাইযার তথ্য সংগ্রহ করে নিয়ে আসবে? যুবায়ের ইবনুল আওয়াম বললেন, আমি। অতঃপর দ্বিতীয়বার নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমাদের কাছে বুন কুরাইযার সংবাদ কে নিয়ে আসবে? যুবায়ের বললেন; আমি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: প্রত্যেক নাবীর হাওয়ারী (জানবাজ সাথী) ছিল, আমার হাওয়ারী হলো যুবায়ের।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11192